ফোনঃ পি, এ, বি, এক্স ৭৩৬০১/৭৩৬০২-২০৪

**পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, বগুড়া**
ডাকঘরঃ পল্লী উন্নয়ন একাডেমী-৫৮৪২
উপজেলা/থানাঃ শেরপুর, জেলাঃ বগুড়া, বাংলাদেশ।
(স্থাপিত: ১৯৮৫)
ই-মেইল: principal.rdalsc@rda.gov.bd ওয়েবসাইট: www.rdalsc.edu.bd

P.A.B. Ex- 73601/73602-204

**Rural Development Academy (RDA) Laboratory School & College, Bogura**
Post Office: Rural Development Academy-5842
Upazila/PS: Sherpur, District: Bogura, Bangladesh.
Established: 1985
E-mail: principal.rdalsc@rda.gov.bd, Website: www.rdalsc.edu.bd

স্মারক নং-পউএ/ল্যাবঃ/স্কুল এন্ড কলেজ/বগ/৯০/২০২০/২৬৮

তারিখঃ ০৭ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ
২২ আগস্ট, ২০২৩ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, বগুড়ার জন্য নিম্নবর্ণিত পদে লোক নিয়োগ করা হবে। প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে উপযুক্ত আগ্রহী প্রার্থীদের নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রতিষ্ঠানের ওয়েব সাইটে প্রদত্ত নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও চাকরিতে প্রবেশের বয়সসীমা | জাতীয় বেতন স্কেল ও গ্রেড |
|---|---|---|---|---|
| ১. | অধ্যক্ষ-১টি (এমপিওভুক্ত পদ) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রী/সমমান<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রী/সমমান।<br><br>সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। | উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/উচ্চ মাধ্যমিক কলেজের অধ্যক্ষ/ডিগ্রি কলেজের উপাধ্যক্ষ পদে এম.পি.ও. ভুক্ত হিসেবে কর্মরত<br>অথবা<br>এম.পি.ও. ভুক্ত হিসেবে ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক পদে ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ মোট ১২ (বার) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>এম.পি.ও. ভুক্ত হিসেবে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/উচ্চ মাধ্যমিক কলেজে জ্যেষ্ঠ প্রভাষক পদে ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ মোট ১২ (বার) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। | গ্রেড-৫ (৪৩০০০-৬৯৮৫০/-) |
| ২. | সহকারী প্রধান শিক্ষক-১টি (এমপিওভুক্ত পদ) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমান ও বিএড ডিগ্রি/সমমান। সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। | এম.পি.ও.ভুক্ত হিসেবে মাধ্যমিক/নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়/কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান/দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (সাধারণ) পদে সর্বমোট ১০ (দশ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। | গ্রেড-৮ (২৩০০০-৫৫৪৭০/-) |
| ৩. | প্রভাষক, রসায়ন-১টি (নন-এমপিও, সম্পূর্ণ অস্থায়ী পদ) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকে সংশ্লিষ্ট বিষয়সহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়ন বিষয়ে ৪ বছর মেয়াদি ২য় শ্রেণি/সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রী। বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনের অন্যান্য স্তরে ১টির বেশি ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে না। | রসায়ন বিষয়ে শিক্ষকতায় কমপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>বয়স অনূর্ধ্ব ৩৫ বছর (অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য)। | পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, বগুড়া'র অর্থায়নে সর্বসাকুল্যে মাসিক বেতন ২৫,০০০/- |
| ৪. | প্রভাষক, জীববিজ্ঞান-১টি (নন-এমপিও, সম্পূর্ণ অস্থায়ী পদ) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকে সংশ্লিষ্ট বিষয়সহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে জীববিজ্ঞান বিষয়ে ৪ বছর মেয়াদি ২য় শ্রেণি/সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রী। বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনের অন্যান্য স্তরে ১টির বেশি ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে না। | জীববিজ্ঞান বিষয়ে শিক্ষকতায় কমপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>বয়স অনূর্ধ্ব ৩৫ বছর (অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য)। | পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, বগুড়া'র অর্থায়নে সর্বসাকুল্যে মাসিক বেতন ২৫,০০০/- |

১। আবেদন জমা প্রদানের শেষ তারিখ ২১ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ।

২। মহাপরিচালক ও সভাপতি, পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, বগুড়া (Rural Development Academy Laboratory School & College, Bogura) বরাবর আবেদন করতে হবে।

৩। আবেদনের সাথে সুনির্দিষ্ট ছকে জীবন বৃত্তান্ত জমা প্রদান করতে হবে। জীবন বৃত্তান্তের ছক স্কুল এন্ড কলেজের ওয়েব সাইটে (Website: www.rdalsc.edu.bd) পাওয়া যাবে।

৪। আবেদন পত্রের সাথে (ক) সাম্প্রতিক তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি (খ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের কপি (গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র (ঘ) ইউনিয়ন/পৌরসভার চেয়ারম্যান/মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (ঙ) জাতীয় পরিচয়পত্রের কপি (চ) মহাপরিচালক ও সভাপতি, পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, বগুড়ার অনুকূলে জনতা ব্যাংকের যে কোন শাখা হতে ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) সংযুক্ত করতে হবে। (ছ) আবেদন পত্রের সাথে সংযুক্ত সকল ফটোকপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

৫। চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬। অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

৭। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮। কর্তৃপক্ষ যে কোন সময়ে নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন শর্ত পরিবর্তন বা সংশোধন এমনকি সম্পূর্ণ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৯। নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। নিয়োগ সংশ্লিষ্ট যে কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১১। ৮ অক্টোবর ২০২৩ খ্রিঃ তারিখে যোগ্য প্রার্থীদের তালিকা ও প্রবেশপত্র স্কুল এন্ড কলেজের ওয়েব সাইটে (Website: www.rdalsc.edu.bd) প্রকাশ করা হবে।

22/08/23
ড. মোঃ শফিকুর রশিদ
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
আরডিএ ল্যাবরেটরী
স্কুল এন্ড কলেজ, বগুড়া।

২২/০৮/২০২৩
(মোঃ খুরশীদ ইকবাল রেজভী)
মহাপরিচালক
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
ও
সভাপতি, গভর্নিং বডি
পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, বগুড়া।

বরাবর
মহাপরিচালক
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
ও
সভাপতি, গভর্নিং বডি
পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, বগুড়া।

পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, বগুড়া
EIIN: 119811

# চাকরির আবেদন ফরম

পাসপোর্ট সাইজের সম্প্রতি তোলা ২ কপি ছবি

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর : | | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | | | | | | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় পত্রের নম্বর : | | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর : | | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্মস্থান (জেলা) : | |
| ৭. | ২১/০৯/২০২৩ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়স : | বছর | মাস | দিন | | | | | | | |
| ৮. | মাতার নাম: | | | | | | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |

| | | | |
|---|---|---|---|
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার : |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | | | | | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | | | | | | | |
| ১৯. | ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর : | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

প্রার্থীর স্বাক্ষর